দৈনিক জনকণ্ঠ

তারিখ 17 JUL 1995
পৃষ্ঠা ৭ কলাম ৬

187

ঢাকা বিশ্ববিদ্যালয়

# সিনেটের নির্বাচনের উপর হাইকোর্টের রুলনিশি

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ ঢাকা বিশ্ববিদ্যালয় সিনেটে অনুষ্ঠিত নির্বাচনের ওপর হাইকোর্ট রুলনিশি জারি করেছে। কোর্ট পুনরায় আদেশ দেয়ার আগে সিনেটে নির্বাচিত তিন সিন্ডিকেট প্রতিনিধি ও একজন ফিন্যান্স কমিটির প্রতিনিধিকে সংশ্লিষ্ট বৈঠকে যোগ না দেয়ার নির্দেশ দিয়েছে।

রবিবার এক আবেদনের প্রেক্ষিতে আদালত এ নির্দেশ

(শেষ পৃষ্ঠা ৬ কঃ দেখুন)

(প্রথম পাতার পর) **সিনেটের নির্বাচনের**

দেয়। গত ৯ জুলাই ঢাকা বিশ্ববিদ্যালয় সিনেট সদস্য এ্যাডভোকেট সৈয়দ আহমদ সিন্ডিকেট ও ফিন্যান্স কমিটির নির্বাচনকে বেআইনী ও অবৈধ ঘোষণার জন্য হাইকোর্টে রিট আবেদন দাখিল করেন। এ আবেদনের প্রেক্ষিতে সিনেট চেয়ারম্যান উপাচার্য অধ্যাপক এমাজউদ্দিন আহমদসহ নয়জনের ওপর রুলনিশি জারি করা হয়।